দৈনিক সংবাদ

তারিখ 15 JUL 1988

পৃষ্ঠা 1, 7

027

# শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সরকারীকরণ আপাততঃ বন্ধ রাখার বিষয় বিবেচনাধীন রয়েছে

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সরকারীকরণ সাময়িকভাবে বন্ধ রাখার বিষয়টি সরকারের সক্রিয়

(৭-এর পাতায় দেখুন)

## শিক্ষা প্রতিষ্ঠানগুলো

( ১ম পাতার পর )

বিবেচনায় আছে।

তিনি গতকাল কাজী আজিমউদ্দিন কলেজের ৭ম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে একথা বলেন।

তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠান সরকারীকরণ সাময়িক বন্ধ রাখার ফলে যে অর্থের সাশ্রয় হবে তা শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অবকাঠামোগত উন্নয়নে ব্যয় করা হবে।

শিক্ষামন্ত্রী বলেন, সম্পদের সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও সরকার শিক্ষার মান উন্নয়নে শিক্ষাখাতে ১১৬০ কোটি টাকা বরাদ্দ করেছেন। তিনি সরকারী প্রচেষ্টার পাশাপাশি জনগণকেও এ কাজে সক্রিয় সহযোগিতার আহ্বান জানান। কারণ তিনি বলেন, সরকারের একার পক্ষে শিক্ষার সামগ্রিক বিকাশ সাধন সম্ভব নয়, এরজন্য প্রয়োজন সমষ্টিগত সহযোগিতা। খবর তথ্য বিবরণীর।